গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গলাচিপা, পটুয়াখালী

স্মারক নং -০৫.১০.৭৮৫৭.০০২.০৬.০২৮.২৪- ১২০ (১০০) তারিখঃ ০৪.০২.২০২৪ খ্রিঃ

# হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্মারকে জারীকৃত হাট-বাজার ইজারা নীতিমালা অনুযায়ী গলাচিপা উপজেলার নিম্নবর্ণিত সরকারি হাট-বাজারসমুহ বাংলা ১৪৩১ সালের (১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র) পর্যন্ত ০১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহর যুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত নির্ধারিত ফরম, প্রয়োজনীয় কাগজপত্র এবং শর্ত ও নিয়মাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), গলাচিপা, সোনালী ব্যাংক লিঃ, গলাচিপা শাখা, অফিসার ইনচার্জ, গলাচিপা থানা ও জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী এর স্থানীয় সরকার শাখা হতে নির্ধারিত মূল্য (অফেরতযোগ্য) দরপত্র দাখিলের আগের দিন বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত সংগ্রহ করা যাবে। প্রকাশ থাকে যে, দরপত্র ফরম নির্ধারিত তারিখে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), গলাচিপা এর কার্যালয়, পুলিশ সুপার, পটুয়াখালী এর কার্যালয় ও জেলা প্রশাসক, পটুয়াখালী মহোদয়ের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে বেলা ১.০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে এবং ঐ দিন বিকাল ০৩.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

## হাট-বাজার ইজারার তথ্যঃ

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | অবস্থান | | বাংলা ১৪৩১ সালের সম্ভাব্য ইজারা মূল্য | প্রতিসেট দরপত্র ফরমের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|---|
| | | মৌজা | ইউনিয়ন | | |
| ১ | বাদুরা হাট | বাঁশবুনিয়া | আমখোলা | ৩৫,৩৫,১০০/- | ৭,৮০০/- |
| ২ | আমখোলা হাট | ভাংড়া | ঐ | ৩,৮৮,৭৩৭/- | ১,৪০০/- |
| ৩ | মুদির হাট | বাঁশবুনিয়া | ঐ | ৮৯,০৪২/- | ৫০০/- |
| ৪ | সিপাইর হাট | বাওরিয়া | ঐ | ২,৩২,২০৩/- | ১,২০০/- |
| ৫ | সেরুখার হাট | আলগী তাফালবাড়িয়া | ঐ | -- | -- |
| ৬ | গোলখালী লিটন তাং বাধেরহাট | পূর্বগোলখালী | গোলখালী | ৫৩০/- | ৫০০/- |
| ৭ | দঃ বলইবুনিয়া হাট | নলুয়াবাগী | ঐ | ১৭,৪৯০/- | ৫০০/- |
| ৮ | হরিদেবপুর ফেরীঘাট হাট-বাজার | বদরপুর | ঐ | ৫,৬৩,৫৬৭/- | ১,৮০০/- |
| ৯ | বড়গাবুয়া আবাসনের হাট | বড়গাবুয়া | ঐ | ৫৭,০২১/- | ৫০০/- |
| ১০ | সুহুরী ব্রীজ বাজার | সুহুরী ২য় খন্ড | ঐ | ২,৩৬,৩৮০/- | ১,২০০/- |
| ১১ | নলুয়াবাগী স্লুইজের হাট | নলুয়াবাগী | ঐ | ২২,৯৯,৯৭৩/- | ৫,২০০/- |
| ১২ | বড়গাবুয়া জুলেখার হাট | বড়গাবুয়া | ঐ | ৯,০৬,৮৮৯/- | ২,৬০০/- |
| ১৩ | বোয়ালিয়া হাট | বোয়ালিয়া | গলাচিপা | ১,২২,৭৮৩/- | ১,০০০/- |
| ১৪ | পক্ষিয়া হাট | পক্ষিয়া | ঐ | ৫,৮৫,১২০/- | ১,৮০০/- |
| ১৫ | পানপট্টি মুক্তিযুদ্ধের হাট | মধ্য পানপট্টি | পানপট্রি | ৫,৫৮,১২০/- | ১,৮০০/- |
| ১৬ | উলানিয়া হাট - বাজার | উলানিয়া | রতনদি তালতলী | ৩৩,৬০,২০০/- | ৭,৪০০/- |
| ১৭ | কাটাখালী হাট | মানিকচাঁদ | ঐ | ১৪,৬১,২৪৫/- | ৩,৬০০/- |
| ১৮ | পাংগাশিয়া হাট | পাংগাশিয়া | ডাকুয়া | ৪৫,৩৬৮/- | ৫০০/- |
| ১৯ | তেতুলতলার হাট | আটখালী | ঐ | ২,৬৭,১৫৭/- | ১,২০০/- |
| ২০ | চিকনিকান্দি হাট-বাজার | চিকনিকান্দি | চিকনিকান্দি | ২৭,৫৪,৫৮৭/- | ৬,২০০/- |
| ২১ | পানখালী হাট | পানখালী | ঐ | -- | -- |
| ২২ | কালারাজা হাট | কালারাজা | ঐ | ১,৯৫,৭২৯/- | ১,০০০/- |
| ২৩ | কোটখালী হাট | কোটখালী | ঐ | ২,১২০/- | ৫০০/- |
| ২৪ | পাতাবুনিয়া হাট | পাতাবুনিয়া | বকুলবাড়ীয়া | ১৭,৬০,৭৭৭/- | ৪,২০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৫ | রণুয়ার হাট | দোয়ানী পটুয়াখালী | ঐ | ৬,৩৬০/- | ৫০০/- |
| ২৬ | মোতাহার হাং হাট | লামনা | ঐ | ৭৩,১৪০/- | ৫০০/- |
| ২৭ | ফকিরের হাট | ছোনখোলা | ঐ | ২৬,৫৭৯/- | ৫০০/- |
| ২৮ | গুয়াবাড়িয়া হাট | গুয়াবাড়িয়া | ঐ | ৮,৭৫৮/- | ৫০০/- |
| ২৯ | কলাগাছিয়া হাট | কলাগাছিয়া | কলাগাছিয়া | ২৯,৩৬,৭৪৮/- | ৬,৬০০/- |
| ৩০ | কল্যানকলস স্লুইজের হাট | কল্যানকলস | ঐ | ৫৮,৬৫৩/- | ৫০০/- |
| ৩১ | চারুসিপাইর হাট | বাঁশবাড়িয়া | ঐ | ২,৮৯,৮৫১/- | ১,২০০/- |
| ৩২ | গিলাবাড়িয়া হাট | বাঁশবাড়িয়া | ঐ | ৫৪,৪৭২/- | ৫০০/- |
| ৩৩ | গজালিয়া হাট | গজালিয়া | গজালিয়া | -- | -- |
| ৩৪ | ইচাদি ইয়াছিন আলী খালের স্লুইজের হাট | ইচাদি | ঐ | ২৮,০৯০/- | ৫০০/- |
| ৩৫ | চরকাজল রবিবার হাট | বড়চরকাজল | চরকাজল | ৮,০৬,৪৮৩/- | ২,৪০০/- |
| ৩৬ | চরকাজল মঙ্গলবার হাট | বড়চরকাজল | ঐ | ১০,০২,১২৫/- | ২,৮০০/- |
| ৩৭ | শিবা ইসমাইল মৃধার হাট | ছোটশিবা | ঐ | -- | -- |
| ৩৮ | চরকপালবেড়া হাট | চর কপালবেড়া | ঐ | ১,৪২,৫৭০/- | ১,০০০/- |
| ৩৯ | শিবা শনিবার হাট | ছোটশিবা | ঐ | -- | -- |
| ৪০ | বড়শিবা স্লুইজের হাট | বড়শিবা | ঐ | -- | -- |
| ৪১ | চরবিশ্বাস বুধবারের হাট | উঃ চরবিশ্বাস | চরবিশ্বাস | ১৪,২৫,৯৮৯/- | ৩,৬০০/- |
| ৪২ | চরবিশ্বাস বটতলা হাট-বাজার | চরবিশ্বাস | ঐ | ১,১৮,৪৬৫/- | ১,০০০/- |
| ৪৩ | দঃ চরবিশ্বাস রবিবার হাট | দঃ চরবিশ্বাস | ঐ | ১,০৬০/- | ৫০০/- |





## দরপত্র ফরম ক্রয়, দাখিল ও খোলার তারিখ :

| পর্যায় | সিডিউল বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | | দরপত্র খোলার তারিখ ও সময় | |
|---|---|---|---|---|---|
| | | তারিখ | সময় | তারিখ | সময় |
| ১ম | ২৭/০২/২০২৪ খ্রি. অফিস চলাকালিন সময় পর্যন্ত | ২৮/০২/২০২৪ খ্রি. | সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত | ২৮/০২/২০২৪ খ্রি. | অপঃ ০৩:৩০ ঘটিকা |
| ২য় | ১৮/০৩/২০২৪ খ্রি. অফিস চলাকালিন সময় পর্যন্ত | ১৯/০৩/২০২৪ খ্রি. | সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত | ১৯/০৩/২০২৪ খ্রি. | অপঃ ০৩:৩০ ঘটিকা |
| ৩য় | ০৩/০৪/২০২৪ খ্রি. অফিস চলাকালিন সময় পর্যন্ত | ০৪/০৪/২০২৪ খ্রি. | সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত | ০৪/০৪/২০২৪ খ্রি. | অপঃ ০৩:৩০ ঘটিকা |

এখানে উল্লেখ্য যে, ১ম ডাক গ্রহণযোগ্য না হলে ২য় ডাক বলবৎ হবে, ২য় ডাক গ্রহণযোগ্য না হলে ৩য় ডাক বলবৎ হবে। ১ম বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্রটি অনুমোদিত হলে ১৮/০৩/২০২৪ তারিখ ঐ হাট-বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ হয়েছে বলে গণ্য হবে। ২য় বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্রটি অনুমোদিত হলে ০৩/০৪/২০২৪ তারিখ ঐ হাট-বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ হয়েছে বলে গণ্য হবে।

## শর্তাবলী

১. বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ শে চৈত্র ১(এক) বছর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেওয়া হবে।

২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী বাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হইবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হইবে। উক্ত জামানতের টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হতে তা মিটানো হইবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হইবে।

৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকারা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% হারে আয়কর এবং ১৫ % হারে ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট - বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পূনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সরকারী মূল্য হতে কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫. এক হাট -বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারে নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
৯. ইজারাদার কোনক্রমেই ইজারাকৃত হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।
১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও অয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১২. ইজারাদার নিজ খরচে হাট -বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।
১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।
১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহন করা হবেনা।
১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরৎ প্রদান করা হবে।
১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৭. চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।
১৮. দরপত্রদাতাকে দরপত্রের সহিত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।
১৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

**মো. মহিউদ্দিন আল হেলাল**
উপজেলা নির্বাহী অফিসার
গলাচিপা, পটুয়াখালী।
Email - unogalachipa@ mopa.gov.bd

স্মারক নং -০৫.১০.৭৮৫৭.০০২.০৬.০২৮.২৪- ১২০ (১০০) তারিখ:
০৪.০২.২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য/অবগতি ও বহুল প্রচারের অনুরোধ সহকারে প্রেরণ করা হ'ল:

১. জেলা প্রশাসক, পটুয়াখালী।
২. পুলিশ সুপার, পটুয়াখালী।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গলাচিপা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী (সদর)/বাউফল/দশমিনা/কলাপাড়া/মির্জাগঞ্জ/দুমকি/রাঙ্গাবালী।
৫. মেয়র, গলাচিপা পৌরসভা।
৬. সহকারী কমিশনার (ভূমি), পটুয়াখালী (সদর)/গলাচিপা/বাউফল/দশমিনা/কলাপাড়া/মির্জাগঞ্জ/দুমকি।
৭. উপজেলা ..................................................... অফিসার, গলাচিপা।
৮. অফিসার ইনচার্জ, গলাচিপা থানা।
৯. ম্যানেজার, .................................................. ব্যাংক, ............................................ শাখা।
১০. চেয়রম্যান, .................................................. ইউনিয়ন পরিষদ।
১১. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ............................................ ইউনিয়ন ভূমি অফিস, গলাচিপা। তাঁকে যথাসময়ে সংশ্লিষ্ট হাট - বাজারে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হ'ল।
১২. জনাব ............................................................ পিতা, ................................................................
গ্রাম ...............................................................ডাকঘর ...............................................................
উপজেলা ......................................................... জেলা, পটুয়াখালী ও ইজারাদার, ................................
হাট - বাজার, বাংলা - ১৪২৮/১৪২৯/১৪৩০ সন।
১৩. বিজ্ঞাপন ব্যবস্থাপক, ........................, গলাচিপা, পটুয়াখালী। তাঁকে উপরিউক্ত হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে ভিতরের পাতায় ০১(এক) দিনের জন্য প্রকাশের ব্যবস্থা গ্রহণপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবরে দুই প্রস্থ পত্রিকার কপিসহ বিল দাখিল করার জন্য অনুরোধ করা হ'ল।

উপজেলা নির্বাহী অফিসার
গলাচিপা, পটুয়াখালী।